

Moral Parenting Trust
Volunteer (স্বচ্ছাসেবক) এর দায়িত্ব ও কর্তব্য



মাঠ পর্যায়ে ছাত্রছাত্রীদের তথ্য সংগ্রহ, বৃত্তি বন্টন এবং তাদের সার্বিক খোঁজ-খবর রাখার দায়িত্ব Volunteer (স্বচ্ছাসেবক) এর। Moral Parenting Trust এর মাঠ পর্যায়ের মূল কাজটি করেন Volunteer গণ, তাদের আন্তরিকতা এবং কর্তব্যনিষ্ঠার উপর নির্ভর করে এই সংস্থার সফলতা। নিচে Volunteer এর কাজগুলো সংক্ষেপে দেওয়া হলো:

- নিজ এলাকার গরীব-মেধাবী ছাত্রছাত্রীদের তথ্য সংগ্রহ করে Form 01 পুরন করে এক কপি ডিজিটাল ছবি সহ moralparenting@gmail.com এ পাঠাবেন।
- কারো বৃত্তির ব্যাপারে প্রাথমিক প্রতিশ্রুতি পেলে একসাথে তিনটা ফর্ম (Form 02, Form 03, ও Form 04) পুরন করে পাঠাবেন।
- প্রতি সেশনে (দুই মাস পর পর) MPSoft প্রসেস দিয়ে আপনাকে জানানো হবে এবং আপনাকে নির্দিষ্ট পরিমাণ টাকা পাঠানো হবে। তখন আপনি উক্ত সেশনের Processed Payment Sheet প্রিন্ট নিয়ে সেই অনুযায়ী বৃত্তি বিতরণ করবেন।
- উক্ত মাসের ৫ তারিখের মধ্যে সকল ছাত্রছাত্রীর বৃত্তি বিতরণ সম্পন্ন করবেন। উল্লেখ্য বৃত্তি নেওয়ার সময় Moral Child(ren), Processed Payment Sheet এর নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবে এবং Moral Parent কে একটি চিঠি লিখবে (Form 05)।
- উক্ত মাসের ৭ তারিখের মধ্যে Processed Payment Sheet (মোরাল চিলড্রেন ও ভলেন্টিয়ারের স্বাক্ষর সহ) এবং চিঠি (Form 05), এই দুইটি কাগজের স্ক্যান করে বা সুন্দর করে ছবি তুলে MPSoft এর নির্দিষ্ট স্থানে আপলোড করবেন।
- স্টুডেন্ট কে বৃত্তির টাকা হাতেহাতে দিতে হবে; বিশেষ কারনে মোবাইলে দিলে তা চার্জ সহ পাঠাবেন।
- দুই সেশনের মাঝে কোন পরীক্ষার রেজাল্ট দিলে তা মোরাল চাইল্ড আপনাকে দেখাবে এবং চিঠিতে রেজাল্ট সম্পর্কে লিখবে। আপনি মোরাল চাইল্ডের চিঠির নিচে মোরাল চাইল্ড সম্পর্কে আপনার মন্তব্য লিখবেন। এই কাজটি খুবই গুরুত্ব পূর্ণ।

এছাড়া, ছাত্রছাত্রীদের নিয়মিত খোজ খবর রাখবেন, পড়াশুনায় মনোযোগী হতে, ভাল কাজে অংশগ্রহন করতে এবং ভাল মানুষ হবার জন্য উৎসাহ দিবেন। ভবিষতে তাদেরকেও একদিন প্রতিষ্ঠিত হয়ে অন্যদের সাহায্য করতে হবে, এটা মনে করিয়ে দিবেন। মোরাল চাইল্ড যেন কোন খারাপ কাজের সাথে জড়িত না হয়ে যায় সেদিকে খেয়াল রাখবেন।

Moral Child(ren) দের যে কোন সমস্যা, অতিরিক্ত সাহায্য (ভর্তি , পরীক্ষার ফি) প্রয়োজন হলে তা coordinator কে জানাবেন।

ধন্যবাদ!